## Sanatan Dharma

---

**নিতি সিঁন্দুর ব্রত**

নিতি সিঁন্দুর ব্রতের বিধান- চৈত্র মাসের সংক্রান্তির দিন থেকে বৈশাখ মাসের সংক্রান্তির দিন পর্যন্ত প্রতিদিন নিতি সিঁন্দুর এই ব্রত পালন করতে হয়।

প্রতিদিন সকালে একজন এয়োকে সিঁথিতে সিঁদুর পরিয়ে দিয়ে ভালো করে জল যোগ করতে হয় আর বিকালে নানারকম ফলমূল ও মিষ্টান্ন দিতে হয়। সারা বৈশাখ মাস এইভাবে এই ব্রত পালন করতে হয়।

চার বছর নিতি সিঁন্দুর ব্রত পালনের নিয়ম। প্রথম বছর একটি,দ্বিতীয় বছর দুটি, তৃতীয় বছর তিনটি আর চতুর্থ বছরের বৈশাখ মাসের সংক্রান্তিতে, এইভাবে চারটিওকে সকালে সিঁদুর আর বিকেলে ফলমূল, মিষ্টান্ন ও দক্ষিণা দিয়ে ব্রত উদযাপন করার নিয়ম।

নিতি সিঁন্দুর ব্রতের ফল- সধবারা নিতি সিঁন্দুর ব্রত নেওয়ার অধিকারিনী। এই ব্রত নিলে সধবা দের সিঁথির সিঁদুর অক্ষয় হয়। যে স্ত্রীলোক নিত্য সিঁদুরের ব্রত পালন করে ,তাকে বৈধব্য – যন্ত্রণা ভোগ করতে হয় না, আর সে আদরিনী ও স্বামী- সোহাগিনী হয়ে থাকে।

নিতি সিঁন্দুর ব্রতের দ্রব্য ও উদযাপনের বিধি- চতুর্থ বছরে, বৈশাখী সংক্রান্তিতে চারজনে এয়োকে নিমন্ত্রণ করে খুব তৃপ্তির সঙ্গে খাওয়াতে হয়।

যাকে দিয়ে নিতি সিঁন্দুর ব্রত নেওয়া হয়, সম্ভব হলে তাকে সোনা লোহা (নোয়া) আর রুপোর সিন্দুর কৌটো দিতে পারলে ভালো হয়। আর যদি এই ভাবে দেওয়া সম্ভব না হয় তাহলে, শুধু কাপড়, সিঁদুর কৌটো, সিঁদুর চুপড়ি, রুলি, আলতা, লোহা (নোয়া), আয়না আর চিরুনি ও দেওয়া যায়।

এইভাবে সকলকেই দেওয়ার নিয়ম। কিন্তু প্রথম যাকে দিয়ে এই নিতি সিঁন্দুর ব্রত নেওয়া হয় কেবল তাকেই সোনার নোয়া আর রূপর সিঁদুর কৌটো দিয়ে এই ব্রত উদযাপন করতে হয়।

Published on: Jan, 09 2023 14:14